ভোরের কাগজ

তারিখ ... 19 AUG 1998 ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৪ ......

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# হল গেটে পরিচয়পত্র পরীক্ষার সিদ্ধান্ত কার্যকর হয়নি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ে হলগুলোর প্রবেশ পথে পরিচয়পত্র পরীক্ষার সিদ্ধান্ত গতকাল মঙ্গলবার কোনো হলেই কার্যকর হয়নি।

গত সোমবার প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সভায় পরিচয়পত্র পরীক্ষার এই সিদ্ধান্ত হয় যাতে কোনো অছাত্র বা সংশ্লিষ্ট হলের ছাত্র নয় এমন কেউ হলে প্রবেশ করতে না পারে।

সিদ্ধান্ত অনুযায়ী গতকাল থেকে পরিচয়পত্র পরীক্ষার বিষয়টি একজন আবাসিক শিক্ষক বা সহকারী আবাসিক শিক্ষকের তত্ত্বাবধান করার কথা। কিন্তু বাস্তবে গতকাল ১১টি ছাত্র হল ঘুরে কোনো হল গেটে আবাসিক শিক্ষক অথবা সহকারী আবাসিক শিক্ষক দেখা যায়নি। কোনো হলে পরিচয়পত্র পরীক্ষা করেও দেখা হচ্ছে না।

এ ব্যাপারে বঙ্গবন্ধু হলে কর্তব্যরত দারোয়ান নূর মোহাম্মদ ও এফ রহমান হলে দারোয়ান পিয়ার আলী জানান, তারা কর্তৃপক্ষের কাছ থেকে পরিচয়পত্র পরীক্ষা করার নির্দেশ পাননি।